

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়, রাজামাটি
www.chtdb.gov.bd

২০২৪-২০২৫ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণের
বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান যথাক্রমে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাজামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসরত বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। বোর্ডের ওয়েবসাইট www.chtdb.gov.bd এর হোম পেজে "অনলাইন সেবাসমূহ" মেনু থেকে "শিক্ষাবৃত্তির আবেদন" অংশে প্রদত্ত আবেদন ফরমটি নিম্নোক্ত শর্ত ও নির্দেশনা মোতাবেক যথাযথভাবে পূরণপূর্বক বর্ণিত সনদসমূহের মূলকপি হতে রঞ্জন স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন করতে হবে:

ক) শর্তসমূহ:

১. সেপ্টেম্বর ২০২৩ খ্রি. এর পূর্বের প্রকাশিত ফলাফল দ্বারা বৃত্তির জন্য আবেদন করা যাবেনা। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
২. আবেদনকারীর আবশ্যিকভাবে নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
৩. আবেদনের জন্য নূন্যতম জিপিএ ৫.০০ স্কেলে জিপিএ ৩.২৫ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ২.৬০ থাকতে হবে।
৪. বিভাগীয় প্রধান/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত হালনাগাদ (০১ মার্চ, ২০২৫ খ্রি. এর পূর্বের ইস্যুকৃত প্রত্যয়ন গ্রহণযোগ্য নয়) প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
৫. ২০২৩-২০২৪ অর্থ বছরে শিক্ষাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা একই/এই ফলাফল দিয়ে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য আবেদন করতে পারবেন না। নতুন বা হালনাগাদ ফলাফল দিয়ে আবেদন করতে হবে (একই ফলাফল দিয়ে আবেদন করলে আবেদন বাতিল হবে)।
৬. অসম্পূর্ণ আবেদন, দাপ্তরিক কাজে ব্যবহার উপযোগী ছবি (সাদা/নীল ব্যাকগ্রাউন্ডসহ), প্রয়োজনীয় সনদসমূহ যথাযথভাবে সংযুক্ত না থাকলে আবেদন বাতিল হবে;
৭. ভুল/অসম্পূর্ণ তথ্য ও সৃজিত সনদপত্রের মাধ্যমে আবেদন পাওয়া গেলে দাখিলকৃত সনদপত্রসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সত্যতা যাচাইয়ের জন্য প্রেরণ করা হবে। সনদপত্রে কোনো প্রকার অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. অনলাইন ফরমে ইনপুটকৃত ফলাফলের সাথে সংযুক্ত ফলাফলের মিল না থাকলে আবেদন বাতিল হবে এবং বৃত্তি গ্রহণের সময়ে আবশ্যিকভাবে মূল মার্কশীট/সনদ প্রদর্শন করতে হবে।

খ) সংযুক্তিসমূহ:

১. শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক অফিসিয়াল প্যাডে প্রদত্ত প্রত্যয়নপত্রের রঞ্জন স্ক্যান কপি (প্রত্যয়নকারীর মোবাইল/টেলিফোন এবং ইমেইল আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে) সংযুক্ত করে আবেদন করতে হবে; (এক্ষেত্রে ভর্তির রসিদ ও পরিচয়পত্র দিয়ে আবেদন করা যাবে না)
২. স্ব-স্ব জেলার জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ;
৩. উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে (পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ);

৪. কোটার (যদি থাকে) স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র (এতিম ও প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে জেলা/উপজেলা সমাজসেবা কার্যালয়ের প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্র, আবেদনকারীর পিতা/মাতা বীর মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ সংযুক্ত করতে হবে)।
৫. দাপ্তরিক কাজে ব্যবহারযোগ্য আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০ পিক্সেল), স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল) এবং অন্যান্য সনদসমূহ (১০০০x৭৫০ পিক্সেল) (JPEG) ফরম্যাটে সংযুক্ত করতে হবে; স্ক্যান ব্যতীত অন্যভাবে ধারণকৃত, (যেমন- মোবাইলে) ছবি তুলে সংযুক্ত করা সনদপত্র গ্রহণযোগ্য হবে না।

গ) বিশেষ নির্দেশনা: বর্ণিত শর্তসমূহ সময় নিয়ে ধৈর্যসহকারে মনযোগ দিয়ে পড়ে ভালোভাবে বুঝে আবেদন করার যোগ্য হলে বর্ণিত সংযুক্তিসমূহ স্ক্যান করে আবেদন করার পরামর্শ দেয়া হলো। কোনক্রমে আবেদন ভুল হলে কিংবা একাধিক বার আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদনের সময়সীমা: ০৫ এপ্রিল ২০২৫ খ্রি. হতে ০৪ মে ২০২৫ খ্রি: রাত ১২.০০ টা পর্যন্ত (শুধুমাত্র অনলাইনে)।

আবেদনের সময়সীমা বৃদ্ধিঃ ১২ মে ২০২৫ খ্রি: রাত ১২.০০ টা পর্যন্ত (শুধুমাত্র অনলাইনে)।

বিশেষ দ্রষ্টব্য: ক) জেলা ও উপজেলার ভিত্তিতে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে আবেদনকারী শিক্ষার্থীদেরকে স্ব স্ব সম্প্রদায়ের মধ্য থেকে সর্বোচ্চ নম্বর/জিপিএ/গ্রেড অনুসারে শিক্ষাবৃত্তির প্রদান করা হবে;

খ) বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বাতিলসহ এতদসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।